



## জনসংযোগ অফিস

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়

গাজীপুর ১৭০৬, বাংলাদেশ

টেলিফোন/ফ্যাক্স:-০২-৯৯৬৬৯৫৩৩৩, পিএবিএক্স: ৯৯৬৬৯৫৩১০-১৪/২৪১৫

E-mail: pro@bsmrau.edu.bd

### প্রেস বিজ্ঞপ্তি

## বঙ্গবন্ধু কৃষি বিশ্ববিদ্যালয়ে ক্লাস শুরু আজ

তারিখ: ০২ অক্টোবর ২০২৪

বশেমুরক্বি, গাজীপুর ১৭০৬

দীর্ঘ সময় বন্ধের পর আজ বুধবার (২ অক্টোবর) থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ে (বশেমুরক্বি) আন্ডারগ্র্যাজুয়েট ও এমএস-পিএইচডি পর্যায়ে যথারীতি ক্লাস শুরু হয়েছে। গত ২৯ সেপ্টেম্বর অত্র বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ও আর্থিক কার্যক্রমের দায়িত্বপ্রাপ্ত অধ্যাপক ড. জি.কে.এম মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের সদস্যগণের উপস্থিতিতে অনুষ্ঠিত জরুরি সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। বিগত সময়ে সকল স্থবিরতা কাটিয়ে শিক্ষা কার্যক্রম দ্রুত চালু করার জন্য এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। এ বিষয়ে ড. মোস্তাফিজুর রহমান বলেন, শিক্ষার্থীদের শিক্ষা ও ভবিষ্যৎ ক্যারিয়ারকে সর্বোচ্চ প্রাধান্য দিয়েই আমরা ক্লাস শুরু করেছি। বিগত প্রায় আড়াই মাসে শিক্ষার্থীদের যে একাডেমিক ক্ষতি সাধিত হয়েছে তা আর দীর্ঘায়িত না করে একাডেমিক কার্যক্রমে স্বাভাবিকতা আনয়নের নিরিখেই এ সিদ্ধান্ত। এ জ্যেষ্ঠ অধ্যাপক আরো বলেন, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে এ বিশ্ববিদ্যালয়ের যে সুনাম রয়েছে তার ধারাবাহিকতা অক্ষুণ্ণ রেখে আরো উৎকর্ষ সাধনের জন্য শিক্ষক ও শিক্ষার্থীদের যেকোন যৌক্তিক পরামর্শকে স্বাগত জানাবে বশেমুরক্বি প্রশাসন। পরিবর্তিত দেশে শিক্ষার্থীরা আবারো মুক্তমনে এ ক্যাম্পাসে বিচরণ করে শিক্ষা ও গবেষণা কার্যক্রমকে অধিকতর গৌরবময় অবস্থানে নিয়ে যাবে এ প্রত্যাশাও ব্যক্ত করেন এ প্রথিতযশা কৃষিবিদ। এদিকে দীর্ঘদিন পর ক্লাসে ফিরতে পারায় শিক্ষার্থীদের মধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা পরিলক্ষিত হয়েছে। উল্লেখ্য, শিক্ষকদের পেনশন স্কিম সংক্রান্ত আন্দোলন ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের জন্য বিগত ১৭ জুলাই থেকে সারাদেশের পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে ক্লাস-পরীক্ষা বন্ধ ছিল।

মোঃ রনি ইসলাম

সেকশন অফিসার (জনসংযোগ)

বশেমুরক্বি, গাজীপুর ১৭০৬

মোবাইল: ০১৫৭১১৭৮৮৫৮